গাংনীতে জাতীয় শোক দিবস পালিত

নানা আয়োজনের মধ্য দিয়ে মেহেরপুরের গাংনীতে পালিত হচ্ছে জাতীয় শোক দিবস। দিবসটি পালন উপলক্ষে সকালে গাংনী বাসস্ট্যান্ডে পতাকা উত্তোলন করে উপজেলা আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠন নেতৃবৃন্দ।

সেখানে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অপর্ণ শেষে শোক র্যালি করা হয়। পরে উপজেলা পরিষদ চত্ত্বরে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অপর্ণ করেন আওয়ামী লীগ নেতৃবৃন্দ। এর পরে উপজেলা মিলনায়তনে শোকসভা ও কাঙ্গালী ভোজ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা আওয়ামী লীগ সভাপতি মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন এবং উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুলসহ নেতৃবৃন্দ।

এদিকে সরকারি কর্মসুচীর আওতায় উপজেলা পরিষদ চত্ত্বরে নির্মিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে উপজেলা প্রশাসনসহ শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষ থেকে পুষ্পার্ঘ অর্পণ করা হয়।

উপজেলা প্রশাসনের পক্ষে উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করেন। পরে উপজেলা সভাকক্ষে স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবৃুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ পালন উপলক্ষে অলোচনাসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন,উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা ভুমি কর্মকর্তা ও সহকারি কমিশনার(ভুমি) নাজমুল আলম, সাবেক সাংসদ বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, গাংনী থানার অফিসার উনচার্জ আব্দুর রাজ্জাক,প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তীসহ আওয়ামীলীগ ও তার অংগসংগঠনের নেতৃবৃন্দ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আলোচনা সভা উপলক্ষে দামুড়হুদা উপজেলা প্রশাসনের উদ্যোগে ফজিলাতুন্নেছার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

সোমবার বেলা ১১টার সময় উপজেলার হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর।

এসময় তিনি বলেন বাংলাদেশ প্রতিষ্ঠার সংগ্রামের প্রতিটি ধাপে বঙ্গবন্ধুর সহধর্মিনী হিসেবে নয়, একজন নীরব দক্ষ সংগঠক হিসেবে যিনি নিজেকে বিলিয়ে দিয়ে বাঙালির মুক্তি সংগ্রামে ভূমিকা রেখেছেন এবং বঙ্গবন্ধুকে হিমালয় সমআসনে অধিষ্ঠিত করেছেন তিনি বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব।

বাঙালির অধিকার আদায় ছাড়া শেখ মুজিবের কাছে প্রধানমন্ত্রীত্ব বা ক্ষমতার কোনো আকর্ষণ ছিলো না। বঙ্গমাতাও সেই আদর্শে নিজেকে ও নিজের সন্তানদের গড়ে তোলেন। সহধর্মিণী হিসেবে নয়, রাজনৈতিক সহকর্মী হিসেবে আজীবন প্রিয়তম স্বামী শেখ মুজিবুর রহমানের ছায়াসঙ্গী ছিলেন শেখ ফজিলাতুন্নেছা মুজিব।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের প্রশাসক ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ আলী মুনছুর বাবু।

আলোচনা সভায় উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম সহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

সভা শেষে গরীব-অসহায় ও দুস্থ মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ করেন প্রধান অতিথি চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর।

দামুড়হুদায় যথাযোগ্য মর্যাদায় স্থানীয় শহীদ দিবস পালন

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় যথাযোগ্য মর্যাদায় স্থানীয় শহীদ দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে শুক্রবার সকাল ৮ টায় দামুড়হুদার নাটুদা ইউনিয়নের জগন্নাথপুর আটকবর স্মৃতিসৌধে বিভিন্ন কর্মসূচি পালিত হয়।

আট শহীদের স্মৃতিসৌধে জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগ সহ সভাপতি হাজী মোঃ আলী আজগার টগর এমপি ও জেলা আওয়ামী লীগের সম্মানিত যুগ্ম সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন ।

জেলা প্রশাসন ও জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক আমিনুল ইসলাম খান, উপজেলা প্রশাসনের পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন করেন উপজেলা সহকারী ভূমি কমিশনার সুদীপ্ত কুমার সিংহ,।

এছাড়া বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক সংগঠন আট শহীদ বেদীতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। এর আগে জাতীয়, কালো ও মুক্তিযোদ্ধা সংসদের পতাকা উত্তোলন করা হয়।

এ শহীদ দিবসে আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান, ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারন সম্পাদক মোঃ আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা আ,লীগের সভাপতি ও সাবেক জেলা পরিষদের প্রশাসক মাহফুজুর রহমান মনজু, সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম,পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম ও
জেলার সকল মুক্তিযোদ্ধাগনসহ জেলার সর্বস্থরের মানুষ।

উল্লেখ্য, ১৯৭১ সালের ৫ আগস্ট স্বাধীনতাযুদ্ধ চলাকালে দামুড়হুদার নাটুদহে জেলার ৮ জন মুক্তিযোদ্ধা সম্মুখে সমরে শহীদ হন।

মেহেরপুরে নানা আয়োজন শহিদ শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী পালন

নানা আয়োজেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র, মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক এবং ক্রীড়া ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী পালিত হয়েছে। যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসন করেছে নানা আয়োজন।

এ উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসন চত্ত্বরে সকাল সাড়ে ৯ টার সময় মেহেরপুর জেলা প্রশাসন চত্ত্বরে স্থাপিত শেখ কামালের প্রতিকৃতিতে বাংলাদেশ আওয়ামী লীগের মেহেরপুর জেলা শাখার পক্ষ থেকে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি শ্রদ্ধা নিবেদন ও পুষ্পস্তবক

অর্পণ করেছেন।

এসময় মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার মো: রাফিউল আলম, মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক (ডিডি) মৃধা মো: মুজাহিদুল ইসলাম, মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, নাজমুল হুদা, আশরাফুজ্জামান ভূঁইয়া, মেহেরপুর জজ কোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টচার্য, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান।

পরে শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী উপলক্ষে তার মাগফেরাত কামনা করে বিশেষ দোওয়া ও মোনাজাত করা হয়। এর আগে স্থানীয়দের মধ্যে বিভিন্ন প্রজাতির গাছের চারা বিতরণ করা হয়।

সকাল ১০ টার সময় তার জীবনি উপলক্ষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে

আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দিনটি উপলক্ষে জেলা প্রশাসন, মেহেরপুর জেলা আওয়ামী লীগ ও তার সহযোগী সংগঠনগুলো বিশেষ কর্মসূচি গ্রহণ করেছে।

এছাড়া বিভিন্ন ক্রীড়া ও সামাজিক-সাংস্কৃতিক সংগঠন যথাযথ মর্যাদায় দিবসটি পালন করতে নানাবিধ কর্মসূচি পালন করছে।